# হরমুজ প্রণালী উন্মুক্ত রাখতে ইরানকে আহ্বান যুক্তরাষ্ট্রের



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালীতে বাণিজ্যিক জাহাজ চলাচল নির্বিঘ্ন রাখতে এবং উত্তেজনা কমাতে ইরানের প্রতি আহ্বান জানিয়েছে যুক্তরাষ্ট্র। মার্কিন কর্মকর্তারা জানিয়েছেন, এ বিষয়ে তেহরানের কাছে কূটনৈতিক বার্তাও পাঠানো হয়েছে।

শনিবার (১১ জুলাই) ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসির এক প্রতিবেদনে বলা হয়, শুক্রবার সাংবাদিকদের সঙ্গে এক ব্রিফিংয়ে মার্কিন কর্মকর্তারা হরমুজ প্রণালী উন্মুক্ত রাখার গুরুত্ব তুলে ধরেন এবং বাণিজ্যিক জাহাজ লক্ষ্য করে হামলা বা গুলি চালানোর ঘটনা বন্ধের আহ্বান জানান।

প্রতিবেদন অনুযায়ী, আঞ্চলিক মধ্যস্থতাকারীদের মাধ্যমে ইরানের নেতৃত্বের কাছে পাঠানো বার্তায় আন্তর্জাতিক নৌপথে নিরাপদ চলাচল নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করা হয়েছে। একই সঙ্গে পরিস্থিতি শান্ত রাখতে আনুষ্ঠানিক অবস্থান স্পষ্ট করারও অনুরোধ জানানো হয়েছে।

এদিকে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হরমুজ প্রণালী ঘিরে চলমান উত্তেজনার প্রসঙ্গ উল্লেখ করে বলেন, সাম্প্রতিক ঘটনাগুলোকে হোয়াইট হাউস যুদ্ধবিরতির চেতনার পরিপন্থী হিসেবে দেখছে।

অন্যদিকে, মার্কিন সংবাদমাধ্যম সিবিএস নিউজকে যুক্তরাষ্ট্রের কয়েকজন জ্যেষ্ঠ কর্মকর্তা জানান, ইরানের পক্ষ থেকে দাবি করা হয়েছে যে একটি উগ্রপন্থি গোষ্ঠী বাণিজ্যিক জাহাজে হামলা চালিয়ে চলমান আলোচনা ও সমঝোতা প্রচেষ্টা বাধাগ্রস্ত করার চেষ্টা করছে।

LENS ASIA